Synopsis of Proposed Thesis

‘‘ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে বাংলা সাহিত্যে রবীন্দ্র বিষয়ে উত্তরকালের ভাবনা ’’

“TRIPURA KENDRIK UTTAR-PURBA BHARATE BANGLA SAHITYE RABINDRA BISHOYE UTTARKALER BHABNA”

2024

Researcher

Susanta Debnath

M.A in Bengali (Medallist)
UGC-NET, T-TET.

Under the Supervision & Guidance of

Dr. Baidyanath Kumar

HOD
Department of Bengali
Marwari College , Ranchi
Ranchi 834001

Scanned with OKEN Scanner

রিসার্চ প্রপোজাল

"ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে
বাংলা সাহিত্যে রবীন্দ্র বিষয়ে
উত্তরকালের ভাবনা"

Scanned with OKEN Scanner

অতীত স্পৃহা চিরকাল বর্তমানকে কাছে টেনে নেয় স্বমহীমায় এবং অতীতের অতল রসদ সংগ্রহ থেকে জন্ম নেয় সমকালীন ও উত্তরকালের ভাবনা । তাই প্রসঙ্গক্রমেই বলতে হয় রবীন্দ্রনাথ এর অপার বিস্ময় শুধু বিশ্বলোককেই নয় ; তাঁর লেখনির বহিঃঅঙ্গে উঠে এসেছে ত্রিপুরা কেন্দ্রীক তৎকালীন উত্তর-পূর্ব ভারতের কথা এবং অন্তঃশৃঙ্খল সম্পর্কীত মৌলিক গবেষণা সমৃদ্ধ ''ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে বাংলা সাহিত্যে রবীন্দ্র বিষয়ে উত্তরকালের ভাবনা ''

এই কথা সত্য যে, অখন্ড ভারতের পূর্ব বাংলা ও আসামের বিশাল অঞ্চল ও তৎকালীন সময়ে স্বাধীন প্রদেশ হিসাবে পরিচিত ত্রিপুরাতে বাংলা সাহিত্য চর্চায় লোকসংস্কৃতি ও সংগীত-কলা-শিল্পের মাধ্যমে সেতার ও শাস্ত্রীয় সংগীতের সুর মূর্চ্ছনা উত্তর-পূর্ব ভারতের বিশাল পরিধিতে যে অন্যমাত্রা পেয়েছিল তাকেই আরো সমৃদ্ধময় করেছিল ত্রিপুরার রাজপরিবারের বাংলা সাহিত্য চর্চা কিংবা রাজকার্য পরিচালনায় চিঠিপত্রের ব্যবহার ; যার উজ্জ্বল দৃষ্টান্তস্বরূপ ত্রিপুরার ইতিহাস তথ্য নির্ভর দলিল ' রাজমালা ' গ্রন্থ । তাই রবীন্দ্র পূর্ববর্ত্তী অখন্ড উত্তর-পূর্ব ভারতের (ত্রিপুরা কেন্দ্রীক) সাহিত্য অঙ্গনে যে সুশীল ধারা প্রবাহিত ছিল তাই যেন রবীন্দ্রনাথের লেখনীর স্পর্শে ও জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের সাথে ত্রিপুরার রাজপরিবারের সম্পর্কের নিরিখে আরো বেশী স্রোতস্বীণী রূপ পেয়েছিল ; যার উপর দাঁড়িয়ে ত্রিপুরা কেন্দ্রীক বাংলা সাহিত্য নির্মাণের আধারে আমি আমার গবেষণার বিষয় ''ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে বাংলা সাহিত্যে রবীন্দ্র বিষয়ে উত্তরকালের ভাবনা '' শিরোনামে প্রকাশ করতে চাইছি।

ত্রিপুরার প্রথম বাংলা সাহিত্য হিসাবে আমরা পাই ধর্মমাণিক্যের (১৪৩১ - ১৪৬২) রাজত্বকালে তাঁরই পৃষ্টপোষকতার পন্ডিত শুক্রেশ্বর ও বাণেশ্বর রচিত 'রাজমালা ' পুঁথি । এই পুঁথির সূত্রধরেই পর পর লেখা হয়েছে চম্পকবিজয়, গাজীনামা, কৃষ্ণমালা নামের পুঁথি । নাথ ধর্মতত্বের বিষয়বস্তুকে কেন্দ্র করে আদিযুগের শেষার্ধে রচিত হয় 'গোরক্ষবিজয়', 'মীনচেতন' এবং 'গোপীচন্দ্রের সন্ন্যাস' প্রভৃতি গ্রন্থ । আমরা দেখতে পাই মহারাজ কাশীচন্দ্র ১৮২৭ খ্রী: মনিপুরের রাজকন্যাকে বিয়ে করেন । তাই এই কথা নিঃসন্দেহে বলতে পারি যে, মণিপুর রাজপরিবারের সঙ্গে বৈবাহিক সূত্র ধরেই ত্রিপুরার রাজপরিবারের বৈষ্ণবধর্ম প্রসার লাভ করে । অর্থাৎ আমরা দেখি যে রবীন্দ্র পূর্ববর্ত্তী ত্রিপুরার বাংলা সাহিত্য বলতে ত্রিপুরার বিভিন্ন রাজ আমলের গ্রন্থ ; যার বেশীরভাগ পয়ার ছন্দে লেখা ।

ত্রিপুরার প্রেক্ষাপটে রবীন্দ্র সমসাময়িক কবিদের মধ্যে অগ্রগণ্য ছিলেন মহারাজা বীরচন্দ্র মাণিক্য । অকালকুসুম (১৮৮৬), হোরি, উচ্ছ্বাস, প্রেম মরীচিকা, সোহাগ তাঁর পরশেই সৃষ্ট এক উজ্জ্বল দৃষ্টান্ত । বীরচন্দ্র মাণিক্যের কন্যা অনঙ্গমোহিনী দেবীই ত্রিপুরার প্রথম আধুনিক কবি । ১৯০২ এ তাঁর প্রথম কাব্য সংকলন 'কণিকা ' প্রকাশিত হয় । তাছাড়াও রয়েছে সমরজিৎ সিংহ এর 'কাগজের নৌকা ', রণেন্দ্রনাথের 'প্রথম বৃষ্টি জল'। তাঁদের ব্যতীত রবীন্দ্র সমসাময়িক ত্রিপুরার কবিদের মধ্যে বিজন চৌধুরী, অপরাজিতা রায়, সলিলকৃষ্ণ দেববর্মন, করবী দেববর্মন, প্রবীর দাশ, প্রদীপ চৌধুরী, খগেন দেববর্মন প্রমূখরা।

Scanned with OKEN Scanner

রবীন্দ্র সমসাময়িক ত্রিপুরার বাংলা সাহিত্যের নক্ষত্র পরিমন্ডল আলোকরশ্মির কথা বলতে গেলে আমাদেরকে প্রথমেই বলতে হয় ত্রিপুরার রাজপরিবারের সাথে রবীন্দ্রনাথের সম্পর্কের অকৃত্রিম প্রেমসিন্ধুর কথা ।১২৯৩ বঙ্গাব্দে মহারাজ বীরচন্দ্র মাণিক্যের কাছে লেখা রবীন্দ্রনাথের লেখা পত্রে পূর্বেকার সম্পর্কের কথা প্রকাশিত হয় ।শুধু তাই নয়, বীরচন্দ্র মাণিক্যের পাশাপাশি রাধাকিশোর মাণিক্যে, বীরেন্দ্রকিশোর মাণিক্যে, গোবিন্দ মাণিক্যে, বীরবিক্রম কিশোর মাণিক্যে বাহাদুরের সাথে বিশ্বকবির হৃদ্যতার সম্পর্ক ছিল বলেই এই পার্বত্য শ্যাম বনানীতে ঘেরা 'সাত বোনের দেশ' ত্রিপুরাতে সাতবার কবিগুরুর পদার্পণ ঘটেছিল । রবীন্দ্রনাথের কৈশোর, যৌবন ও বার্ধক্যের চিন্তা-মননে ছোঁয়া লাগে ত্রিপুরা তথা আগরতলার রাজপরিবারের নিখাদ স্নেহস্পর্শ, যার ফলস্বরুপ রচিত হয় উৎকৃষ্ট সাহিত্য 'ভগ্নহৃদয়', মুকুট, রাজর্ষি, ও বিসর্জন - এর মতন অমর সৃষ্টি । শুধু কেবল সাহিত্য সুবাসেই নয়, ত্রিপুরার রাজতন্ত্র পরিচালনায় ও মহারাজা বীরবিক্রম কলেজ, উজ্জয়ন্ত প্রাসাদ, নীরমহল, কুঞ্জবন, মালঞ্চনিবাস প্রভৃতি সব অপরূপ স্থাপত্য-ভাস্কর্য্য সৌধ নির্মাণে রবীন্দ্রনাথের অবদান চির স্মরণীয় । রবীন্দ্রনাথের স্নেহ সান্নিধ্যে প্রভাবিত হয়েছিলেন অনঙ্গমোহিনী দেবী, কমলপ্রভা দেবী, কাঞ্চনপ্রভা দেবী-র মতন রাজকন্যারা । শান্তিনিকেতনে মনিপুরি নৃত্য প্রচলনে রবীন্দ্রনাথ ও বিশ্বভারতীতে ত্রিপুরার কৃতি সন্তানদের অধ্যয়ন এবং ত্রিপুরায় মনিপুরি সাহিত্য সংস্কৃতির দ্বারা রবীন্দ্রনাথ যেভাবে প্রভাবিত হয়েছিলেন তা আজও অপার চর্চিত বিষয় । রবীন্দ্র ভাবধারায় প্রভাবিত ত্রিপুরার সাহিত্য - শিল্প - কলাতে তাই আজ স্থান পেয়েছে 'ত্রিপুরা রবীন্দ্রপরিষদ', 'গীতালি', 'চিত্রভানু', 'নৃত্যভানু', 'ভাষাতীর্থ', 'সেবাশ্রী', 'নাট্যভারতী' প্রমুখ প্রতিষ্ঠান । 'রবিসংসদ', 'গাজীপুরমে মানসী' 'জন্মদিনে', 'পুনশ্চ', 'রবীন্দ্রগীতিকা ' প্রভৃতি বিশ্লেষণ কেন্দ্রীক অনুবাদমূলক গ্রন্থ রচিত হয় । চিত্রকলা ভরত নাট্যম ও মণিপুরি নৃত্য শিক্ষায় সংযোগ ও ককবরক - হিন্দী - বাংলা ভাষা সাহিত্যে রবীন্দ্রনাথের উপর পাঠক্রমভিত্তিক শিক্ষায় ত্রিপুরা রবীন্দ্র পরিষদের অবদান অনস্বীকার্য ।

আদিযুগ ও মধ্যযুগের সীমারেখা অতিক্রম করে আমরা দেখতে পাই ত্রিপুরার সাহিত্য মূলত প্রকৃতি ভাবনাকেন্দ্রীক এবং বৈষ্ণব ধর্মকেন্দ্রীক । কিন্তু অনেক বিষয়রূপে আজও আমাদের চোখের অন্তরালে রয়ে গেছে । তাই আমি আমার গবেষণার খিয়রুপে দেখাতে চাইছি সাতের দশকে ত্রিপুরার বাংলা কবিতার ভুবন নতুন মাত্রা পাওয়ার মূলে কিভাবে নকশাল আন্দোলন, বাংলাদেশের মুক্তিযুদ্ধ, শরনার্থীর আগমন, অর্থনৈতিক বিপর্যয়, স্বাধীন বাংলাদেশের জন্ম নিলেও অনেক শরনার্থীরা আর ফিরে না যাওয়া ও রাজনৈতিক পালাবদল সক্রিয় ছিল ।

গবেষণায় আমি তাই প্রকাশ করতে চাই যা আজও আমাদের হৃদয়ের অন্তরালে প্রোথিত, কিন্তু প্রকাশিত হয়নি । রবীন্দ্র ভাবধারায় ভাবিত হয়ে কিভাবে উত্তর-পূর্বাঞ্চলে বৈষ্ণব ধর্ম ও মনিপুরি সংস্কৃতি বিকাশ হয়েছিল, কিভাবে আসামের বরাক উপত্যকার মানুষের লোকজীবনে রবিন্দ্রচর্চা ও রবীন্দ্র সংগীত লোকসংস্কৃতির বিকাশে অন্যমাত্রা নিয়েছিল, শিলং-এর পাহাড়ী সবুজ অরণ্যানী রবীন্দ্রনাথের জীবনে কতটা প্রভাব ফেলেছিল ।

হয়তোবা যুগের প্রয়োজনে ও সময়ের তাগিদে 'রবীন্দ্রনাথ ও ত্রিপুরা' নিয়ে অনেক গ্রন্থ রচিত হয়েছে, কিন্তু রবীন্দ্রদর্শন ও রবীন্দ্র চিন্তাভাবনার দ্বারা উত্তর-পূর্বাঞ্চালের সাহিত্য ভান্ডার

Scanned with OKEN Scanner

কতটা প্রভাবিত হয়েছে তা আজও গবেষণার আকারে প্রকাশিত হয়েছে কি ? আজও প্রকাশিত হয়েছে কি তৎকালীন উত্তর-পূর্বাঞ্চলের রাজনৈতিক পালাবদল ও রবীন্দ্র প্রতিভার বিস্ফুরণের সাথে সমঝোতা রেখে এটি সাধারন মানুষের জীবনে কতটা প্রভাব ফেলেছে ? তাই আমার গবেষণার বিষয়বস্তু হয়ে উঠল ''ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে বাংলা সাহিত্যে রবীন্দ্র বিষয়ে উত্তরকালের ভাবনা'''

রবীন্দ্রতীর্থ ত্রিপুরা তথা উৎস থেকে সঙ্গমে আলোচনার নিরিখে আমি রবীন্দ্র উত্তরকালের উত্তর-পূর্ব ভারত ও ত্রিপুরায় ভাবী উত্তরসূরীর কাছে গবেষণার বিষয়রূপে যে বিষয়গুলি দেখাতে চাইছি ---

এক :

উত্তরপূর্ব ভারত, তৎকালীন পূর্ব বাংলা ও ত্রিপুরাতে রবীন্দ্র পূর্ব সাহিত্যের গভীরতা ও সংস্কৃতির অধ্যয়ন ;

দুই :

স্বাধীন প্রদেশ ত্রিপুরা ও রাজপরিবারের সাথে রবীন্দ্রনাথ ও জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের চার পুরুষের সুসম্পর্কের সেতুবন্ধন রূপে ত্রিপুরার সাহিত্য - শিল্পকলা - ভাস্কর্যে রবীন্দ্রনাথের অবদান এবং বর্তমান ত্রিপরায় সাহিত্যের ক্ষেত্রসমীক্ষায় নব দিগন্ত উন্মোচনে রবীন্দ্রনাথ ও রবীন্দ্র মননের অতলস্পর্শ গভীরতা ;

তিন :

ত্রিপুরার সাধারণ দিন-মজুর-শ্রমিক মেহনতি মানুষের উপর রবীন্দ্রনাথের প্রভাব তথা রবীন্দ্র মনন ও রবীন্দ্র চিন্তাধারার উৎকর্ষতা লাভ করে কিভাবে ত্রিপুরার মানুষ একবিংশ শতকে অগ্রগতির দ্বারপ্রান্তে যাত্রাপত্র রচনা করছে - তার এক সমীক্ষা ও মূল্যায়ন ;

চার :

উত্তর-পূর্ব ভারতের বিপুল অঞ্চল তথা আসামের বরাক উপত্যকার লোকজীবন ও সংস্কৃতিতে রবীন্দ্রনাথ এর অবদান এবং রবীন্দ্রনাথকে নিয়ে আসাম কিংবা তৎকালীন পূর্ব বাংলায় বর্তমান উত্তরকালীন ভাবনা ;

পাঁচ :

'রবীন্দ্রনাথ ও ত্রিপুরা' এই আধারে ত্রিপুরার শিল্প - কলা - সাহিত্যে রবীন্দ্র উত্তরকালের ভাবনা ও শিল্প কলাতীর্থ নির্মাণ ;

মানুষ জীবনে পূর্ণ হতে চায় । আর জীবন তাই বার বার ছুটে যায় পূর্ণতার লক্ষ্যে । তাই সাহিত্যামৃত পানের পিপাসায় জীবন পূর্ণতার দিশারীরূপে অতীতের স্মৃতিপটে আমি পুনরায় রবীন্দ্রনাথ ও ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে তাঁর প্রভাবকে গবেষণার ক্ষেত্ররূপে নির্ণয় করলাম। সমগ্র বিশ্বের পাশাপাশি ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে অপসংস্কৃতির বিনাশে ও শিল্প-কলা-ভাস্কর্যের উন্নয়নে ও ব্যস্ততম নাগরিক জীবনে শান্তি-সুস্থতার পরশ অনুভবে সমসাময়িক উত্তরকালীন ভাবনায় রবীন্দ্রনাথ এক, অদ্বিতীয় ও চির বিস্ময় ।

Scanned with OKEN Scanner

আমার গবেষণার বিষয় 'ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে বাংলা সাহিত্যে রবীন্দ্র বিষয়ে উত্তরকালের ভাবনা' সম্পর্কীত বর্তমান বিষয়টিকে নিম্নলিখিতবাবে বিন্যস্ত করা হবে ---

ভূমিকা ঃ

অধ্যায় পরিকল্পনা ঃ

প্রথম অধ্যায় ঃ ত্রিপুরা কেন্দ্রীক উত্তর পূর্ব ভারতে রবীন্দ্র সংস্কৃতির অধ্যয়ন ।

দ্বিতীয় অধ্যায় ঃ তৎকালীন পূর্ব বাংলাতে রবীন্দ্র পূর্ব সাহিত্যের গভীরতা ।

তৃতীয় অধ্যায় ঃ ত্রিপুরার রাজপরিবারের সাথে রবীন্দ্রনাথ ও জোড়াসাঁকো ঠাকুর পরিবারের সম্পর্কের সেতুবন্ধন এবং ত্রিপুরার শিল্প-সাহিত্যে ও ভাস্কর্যে রবীন্দ্রনাথের অবদান ।

চতুর্থ অধ্যায় ঃ ত্রিপুরা কেন্দ্রীক সাহিত্যের ক্ষেত্র সমীক্ষা নির্মাণে রবীন্দ্র মননের গভীরতা ।

পঞ্চম অধ্যায় ঃ ত্রিপুরার দিন-মজুর শ্রমিক মেহনতি মানুষের উপর রবীন্দ্রনাথের প্রভাব ও রবীন্দ্র চিন্তাধারার উৎকর্ষতা ।

ষষ্ঠ অধ্যায় ঃ উত্তর-পূর্ব ভারতের বিপুল অঞ্চলে তথা আসামের বরাক উপত্যকায় লোকজীবন ও লোকসংস্কৃতিতে রবীন্দ্রনাথের অবদান ।

সপ্তম অধ্যায় ঃ রবীন্দ্রনাথকে নিয়ে ত্রিপুরা ও আসাম কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারত ও তৎকালীন পূর্ব বাংলায় (বাংলাদেশ) বর্তমান ও উত্তরকালীন ভাবনা ।

অষ্টম অধ্যায় ঃ উত্তর-পূর্ব ভারত ও তৎকালীন পূর্ব বাংলার মানুষের একবিংশ শতকের অগ্রগতির যাত্রাপথ রচনায় রবীন্দ্রনাথের প্রভাব ।

নবম অধ্যায় ঃ রবীন্দ্র সমসাময়িক ও রবীন্দ্র উত্তরকালীন অন্যান্য সাহিত্যের দ্বারা ত্রিপুরা কেন্দ্রীক উত্তর-পূর্ব ভারতে সমৃদ্ধির মুক্তদ্বার উন্মোচন ।

দশম অধ্যায় ঃ 'রবীন্দ্রনাথ ও ত্রিপুরা' এই আকারে ত্রিপুরার শিল্প-কলা-সাহিত্যে রবীন্দ্র উত্তরকালীন ভাবনা ও শিল্প কলাতীর্থ নির্মাণ ।

উপসংহার ঃ

গ্রন্থপঞ্জি ঃ

Scanned with OKEN Scanner

গ্রন্থপঞ্জি

আকর গ্রন্থ

১। বন্দ্যোপাধ্যায় কনক ঃ রবীন্দ্র নাট্য সমীক্ষা, এ. মুখার্জী অ্যান্ড কোং প্রাঃ লিঃ

২। বন্দ্যোপাধ্যায় কনক ঃ রবীন্দ্র-নাট্য-সংগ্রহ (প্রথম খন্ড), বিশ্বভারতী গ্রন্থবিভাগ

৩। ভট্টাচার্য উপেন্দ্রনাথ ঃ রবীন্দ্র-নাট্য-পরিক্রমা, ওরিয়েন্ট বুক কোম্পানি

৪। দাশগুপ্ত শান্তিকুমার ঃ রবীন্দ্রনাথের রূপক নাট্য, বুকল্যান্ড প্রাইভেট লিমিটেড

৫। আলম মাহবুবুল ঃ বাংলা সাহিত্যের ইতিহাস, খান ব্রাদার্স অ্যান্ড কোম্পানি

৬। আলম মাহবুবুল ঃ ধর্মীয় উগ্রবাদ ও নাট্যকার রবীন্দ্রনাথ, খান ব্রাদার্স অ্যান্ড কোম্পানি

৭। সেন রুশতী ঃ এলোমেলো পাঠে রবীন্দ্রনাথ এবং অন্যান্য, বুকল্যান্ড প্রাইভেট লিমিটেড

৮। ঠাকুর রবীন্দ্রনাথ ঃ সাহিত্য, রবীন্দ্র রচনাবলী, বিশ্বভারতী

৯। ঠাকুর রবীন্দ্রনাথ ঃ সাহিত্যে পথে, রবীন্দ্র রচনাবলী, বিশ্বভারতী

১০। ঠাকুর রবীন্দ্রনাথ ঃ সাহিত্যের স্বরূপ, রবীন্দ্র রচনাবলী, বিশ্বভারতী

১১। দাশগুপ্ত শশিভূষণ ঃ উপনিষদের পটভূমিকায় রবীন্দ্র-মানস, ওরিয়েন্ট বুক কোম্পানি

১২। দাশগুপ্ত শশিভূষণ ঃ বাঙলা সাহিত্যের নবযুগ, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৩। দাস ক্ষুদিরাম ঃ রবীন্দ্র প্রতিভার পরিচয়, মল্লিক ব্রাদার্স

১৪। দাস ক্ষুদিরাম ঃ বাংলা কাব্যের রূপ ও রীতি, মল্লিক ব্রাদার্স

১৫। বিশী প্রমথনাথ ঃ রবীন্দ্র কাব্য প্রবাহ, মিত্র ও ঘোষ

১৬। বিশী প্রমথনাথ ঃ রবীন্দ্র সারণি, মিত্র ও ঘোষ

Scanned with OKEN Scanner

১৭। বন্দ্যোপাধ্যায় চারুচন্দ্র ঃ রবি রশ্মি, দে বুক স্টোর

১৮। বন্দ্যোপাধ্যায় শ্রীকুমার ঃ রবীন্দ্র সৃষ্টি সমীক্ষা, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৯। বন্দ্যোপাধ্যায় শ্রীকুমার ঃ বাংলা সাহিত্যের বিকাশের ধারা, ওরিয়েন্ট বুক কোম্পানি

২০। সেনগুপ্ত সুবোধ ঃ রবীন্দ্রনাথ, দে'জ

২১। রায় অশোককুমার ঃ প্রবাসীর কষ্টিপাথরে রবীন্দ্রনাথ, পারুল প্রকাশনী

২২। ঘোষ বারিদবরণ ঃ মনীষীদের বক্তৃতা, পারুল প্রকাশনী

২৩। মিশ্র অশোককুমার ঃ দর্পনে রবীন্দ্র কবিতা, দে'জ পাবলিশিং

২৪। স্বদেশ মুজিব ঃ বাংলা সাহিত্যে বঙ্গভঙ্গ ও দেশভাগ, বঙ্গীয় সাহিত্য সংসদ, কোলকাতা

২৫। রায় সত্যেন্দ্রনাথ ঃ রবীন্দ্রনাথের ভাষাচিন্তা, বিজ্ঞানচিন্তা এবং অন্যান্য বিবিধ বিষয়ে চিন্তা , গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা

২৬। রায় সত্যেন্দ্রনাথ ঃ রবীন্দ্রনাথের সমাজ ও স্বদেশভাবনা,গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা

২৭। রায় সত্যেন্দ্রনাথ ঃ রবীন্দ্রনাথের শিল্পচিন্তা, নন্দনতত্ত্ব, সংগীত, চিত্রকলা, নাট্যভিনয় ইত্যাদি, গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা

২৮। সেন পৃথবীরাজ ঃ রবইন্দ্র মননে ত্রিপুরা , তুহিনা পাবলিকেশান, কোলকাতা

২৯। মুখোপাধ্যায় অশোককুমার ঃ জাতীয়তাবাদ রবীন্দ্রনাথ ঠাকুর, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ,

৩০। দত্ত অর্ণব ঃ রবীন্দ্রনাথ ঠাকুর জীবন, সামাজিক ও দর্শন এবং অন্যান্য রচনা, বঙ্গভারতী বুকস

৩১। মুখোপাধ্যায় তরুণ ঃ রবীন্দ্রনাথ ঃ স্বজনে, সৃজনে, তুহিনা পাবলিকেশান, কোলকাতা

৩২। সেন রাজকুমার ও ভট্টাচার্য্য সুবর্ণা সম্পাদিত ঃ রবীন্দ্রনাথের চিন্তায় পরিবেশ ও সুস্থায়ী উন্নয়ন, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কোলকাতা

Scanned with OKEN Scanner

৩৩। চট্টোপাধ্যায় হীরেন ঃ সৃজনের অন্ধকার বিসর্জন, বঙ্গীয় সাহিত্য সংসদ

৩৪। চট্টোপাধ্যায় হীরেন ঃ সাহিত্যের পথে, সাহিত্যের পাথেয়, বঙ্গীয় সাহিত্য সংসদ

৩৫। চট্টোপাধ্যায় হীরেন ঃ সাহিত্য প্রকরণ, বঙ্গীয় সাহিত্য সংসদ

৩৬। চট্টোপাধ্যায় হীরেন ঃ ছিন্নপত্রের রবীন্দ্রনাথ, বঙ্গীয় সাহিত্য সংসদ

৩৭। রহমান বদিউর ঃ রবীন্দ্রনাথ ঠাকুরের বিসর্জন নাটক, বইমেলা

৩৮। হাজরা নিধুভূষণ ঃ মুকুট, পারুল প্রকাশনি

৩৯। রায় আলপনা ঃ রবীন্দ্রনাথের স্বদেশী গান, দে'জ

৪০। ভট্টাচার্য্য মুকুল ঃ রবীন্দ্রনাথের ছোট গল্পের নাট্যরূপ, দে'জ

সহায়ক গ্রন্থ ঃ

১। ভট্টাচার্য্য শ্যামল ঃ ত্রিপুরায় বাংলা সাহিত্য, স্রোত প্রকাশনী

২। চক্রবর্তী শ্যামল ঃ ত্রিপুরার সেইসব মানুষ ও রাজকন্যার গল্প, জ্ঞান বিচিত্রা প্রকাশনী

৩। দেবরায় মৃনালকান্তি ঃ রাজমালা, জ্ঞান বিচিত্রা প্রকাশনী

৪। দত্ত নীলমনি ঃ রবীন্দ্র অন্বেষণ, বুক ওয়ার্ল্ড

পত্র-পত্রিকা ঃ

* দৈনিক সংবাদ
* স্যন্দন
* প্রত্যাশা ত্রিপুরা
* ত্রিপুরা দর্পণ

সুশান্ত দেবনাথ
(Susanta Debnath)
Researcher

Scanned with OKEN Scanner